## অর্থঋণ আদালত আইন ২০০৩ইং এর ৩৩(১) ধারা মোতাবেক
অর্থঋণ আদালত, ফেনী।

# নিলাম বিজ্ঞপ্তি।

## অর্থ ডিক্রিজারী মামলা নং- ১০/২০২২

**বেসিক ব্যাংক লিঃ,** শান্তিনগর শাখা, ঢাকা। ...............বাদী/ডিক্রিদার।

**-বনাম-**

**মেসার্স এইস ফাইজা প্রপার্টিজ লিমিটেড।** ................বিবাদী/দায়িক।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিঃ, শান্তিনগর শাখা, ঢাকা এর ঋণ গ্রহিতা মেসার্স এইস ফাইজা প্রপার্টিজ লিমিটেড, ব্যবস্থাপনা পরিচালক জনাব রিয়াজুল ইসলাম এর গৃহীত ঋনের টাকা আদায়ের নিমিত্তে অর্থ ঋণ আদালত, ঢাকা তে অর্থ ঋণ মামলা নং ৯৩/২০১৭ দায়ের করিয়া ডিক্রী প্রাপ্ত হইয়া অত্র জারী মোকদ্দমা আনয়ন করিয়াছে। বেসিক ব্যাংক লিঃ, শান্তিনগর শাখা, ঢাকা দায়িকগনের বিরুদ্ধে অর্থ ডিক্রি জারী-২৩৪/২০১৮ নং মোকদ্দমা দায়ের করিয়া থাকে, যাহা বদলী হইয়া অত্রাদালতে বিচারাধীন। উক্ত ঋণ গ্রহিতার নিকট ব্যাংক ০৭/০৭/২০১৮ ইং তারিখ পর্যন্ত সুদ ও খরচসহ **২৯,৬৯,৪৭,২২৭.২৫ টাকা** পাওনা হয়। এই অবস্থায় উক্ত টাকা আদায়ের জন্য এবং আদায় কালতক সুদ, ক্ষতিপূরণ ও অন্যান্য খরচ আদায়ের জন্য অত্র আদালত কর্তৃক নিম্ন তফসিল বর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদীতে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

### নিলামের শর্তাবলী

১। আগামী ১৩/১১/২০২৫ইং তারিখে বিকাল ২.০০ ঘটিকার মধ্যে সেরেস্তাদার, অর্থঋণ আদালত, ফেনী এর কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান অথবা রেজিষ্ট্রি ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র দাখিল করিতে হইবে এবং ঐদিন বিকাল ৪.০০ ঘটিকার সময় দরদাতাগণের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/ পে অর্ডার এর মাধ্যমে অর্থঋণ আদালত, ফেনীর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে (অর্থ ঋণ আদালত আইনের সংশোধনী ৩৩ (২), (ক), (খ) ও (গ) ধারা মোতাবেক প্রযোজ্য হারে)।

৩। অর্থ ঋণ আদালত আইনের সংশোধনী ধারা মোতাবেক দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ দিন, ৬০দিন অথবা ৯০ (নব্বই) দিনের মধ্যে (যেখানে যাহা প্রযোজ্য) প্রস্তাবিত মূল্যের অবশিষ্ট টাকা পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। অকৃতকার্য দরদাতাদের জামানত যথাসময়ে ফেরত দেওয়া হইবে।

৪। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র জমা দিতে পারিবেন।

৫। উপরোক্ত ৩নং শর্ত এর অধীন জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে নিলামে খরিদ করিতে আহবান জানানো হইবে। দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত ১০ (দশ) দিনের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইতে তাহার জামানতও বাজেয়াপ্ত হইবে। বাজেয়াপ্ত জামানতের অর্থ দাবীকৃত অর্থের সহিত সমন্বয় করা হইবে।

৬। তফসিলোক্ত সম্পত্তির উপর কোন সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বা কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের কোন দায়দায়িত্ব অত্রাদালত এর উপর বর্তাইবে না।

৭। জামানত হীন দরপত্র বা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হইবে।

৮। দরপত্রে প্রদত্ত সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে তাহা গ্রহণে অত্রাদালত বাধ্য থাকিবে না, কোন কারণ দর্শানো ছাড়া সর্বোচ্চ গৃহীত দরপত্র বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা অত্রাদালত সংরক্ষণ করে।

৯। সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ, ক্রয়কৃত সম্পত্তির যাবতীয় ট্যাক্স ও অন্যান্য খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।

১০। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ব্যক্তিগণ বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে আদালত এর সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

### তফসিল 'গ' বন্ধকী সম্পত্তির তফসিলঃ

জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্টি অফিস- ফেনী সদর, জে এল নং- সি,এস-৮০, বি,এস- ৫৩, মৌজা-ধর্মপুর, সি.এস খতিয়ান নং- ১০১ এস.এ খতিয়ান নং- ১৫১/ ১৪৯ বি.এস খতিয়ান ডি.পি জরিপ নং- ৩১৭, সি.এস/ এস.এ দাগ নং- ১৮৮৪,১৮৮১,১৮৮৫ বি.এস দাগ নং-৪১৯৪, ৪১৯৬, ৪১৯৮, ৪১৯৯, ৪২২৯। নামজারি খতিয়ান নং-১৫৪৯। মোট জমির পরিমাণ- ১৭.৫২+১৩.৪৩+১৫.৭৫ = ৪৬.৭০ (ছেচল্লিশ দশমিক সাত শূণ্য) শতাংশ।

### তফসিল 'ঘ' বন্ধকী সম্পত্তির তফসিলঃ

জেলা-ফেনী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ফেনী সদর, জে এল নং- সি,এস-৮০, বি,এস- ৫৩, মৌজা-ধর্মপুর, সি.এস খতিয়ান নং- ১০১ এম.আর.ও.আর (এস.এ) খতিয়ান নং- ১৫১/১৪৯ বি.এস খতিয়ান ডি.পি জরিপ নং- ৩১৭ এবং ৬৭০ সি.এস/এস.এ দাগ নং- ১৮৮৪,১৮৮১,১৮৮৫ বি.এস দাগ নং-৪১৯৫,৪১৯৪,৪১৯৬,৪১৯৮,৪১৯৯,৪২২৯। নামজারি খতিয়ান নং- ১৫৪৯। জোত নং- ২২৬৯,৬০৭১,২২৮০। মোট জমির পরিমান- ৮০.৭৮+২২.৫৭+৭.২৫ = ১১০.৬০ (একশত দশ দশমিক ছয় শূণ্য) শতাংশ।

আদেশক্রমে- সেরেস্তাদার,
অর্থঋণ আদালত, ফেনী।

Bangladesh Buletin, Nayapoygam
Pub: 15-10-2025